

GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের

স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষার সময়বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২০-২০২১



সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী পরিস্থিতি অবনতির কারণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রদত্ত ঢাকাভাউন ঘোষণার পরিপ্রেক্ষিতে বহু শিক্ষার্থী নির্ধারিত সময়ে আবেদন করতে সক্ষম হয়নি বিবেচনায়, GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদনের সময়সীমাবৃদ্ধি এবং আরো অধিক সংখ্যক শিক্ষার্থীকে আবেদন করার সুযোগ প্রদান করার লক্ষ্যে ইউনিট-B (মানবিক শাখা) ও ইউনিট-C (বাণিজ্য শাখা)-এ আবেদনের ন্যূনতম যোগ্যতা নিম্নবর্ণিত ভাবে পুনঃনির্ধারণ করা হলো :

প্রাথমিক আবেদন ও ভর্তি পরীক্ষার অন্যান্য গুরুত্বপূর্ণ তারিখসমূহ :

| | |
|------------------------|--|
| প্রাথমিক আবেদন | ১৬/০৪/২০২১ তারিখ থেকে সরকার ঘোষিত ঢাকাভাউন শেষ হওয়ার পরবর্তী ১০ দিন পর্যন্ত চলবে। |
| প্রাথমিক আবেদনের ফলাফল | এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে। |
| চূড়ান্ত আবেদন | এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পরবর্তী সময়ে জানিয়ে দেওয়া হবে। |

প্রাথমিক আবেদনের পুনঃনির্ধারিত যোগ্যতা :

ইউনিট-A: (বিজ্ঞান শাখা)-তে আবেদনের সকল শর্ত অপরিবর্তিত থাকবে।

ইউনিট-B: মানবিক শাখা হতে এইচএসসি/সম্মান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.০০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারণ, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।

ইউনিট-C: বাণিজ্য শাখা হতে এইচএসসি/সম্মান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০সহ সর্বমোট জিপিএ কমপক্ষে ৬.৫০ থাকতে হবে। সাধারণ শিক্ষা বোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।

উপরে উল্লিখিত বি ও সি ইউনিটে প্রাথমিক আবেদন করার ন্যূনতম যোগ্যতা প্রাপ্ত শিক্ষার্থীরা আগামী ২১/০৪/২০২১ তারিখ বেলা ১০:০০টা হতে আবেদন করতে পারবে। প্রাথমিক আবেদন পদ্ধতি GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (www.gstadmission.ac.bd)-এ পাওয়া যাবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে “GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২০২১)”-র সিদ্ধান্তই চূড়ান্ত বদে গণ্য হবে।

প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান

রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

এবং সচিব, GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি (২০২০-২০২১)